

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন
নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা।
www.brta.gov.bd



স্মারক নং-৩৫.০৩.০০০০.০২.৫৮.০১১.২০- ০০৮

তারিখঃ ৮-০১-২০২১খ্রিঃ।

বিষয়: ১৬ জানুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিতব্য জাতীয় সংসদের ১৩৬ টাঙ্গাইল-৭ শূন্য আসনে নির্বাচন ও নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন এবং ০৫টি পৌরসভার সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের জন্য নির্ধারিত তারিখে যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ সংক্রান্ত।


সূত্রঃ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের স্মারক নং- ৩৫.০০.০০০০.০২০.০০৯.০২৭.২১-০৩

তারিখঃ ০৪/০১/২০২২খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে জানানো যাচ্ছে যে, আগামী ১৬ জানুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিতব্য জাতীয় সংসদের ১৩৬ টাঙ্গাইল-৭ শূন্য আসনে নির্বাচন ও নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন এবং ০৫টি পৌরসভার (চট্টগ্রাম জেলার বাঁশখালী, নোয়াখালী জেলার নোয়াখালী, যশোর জেলার ঝিকরগাছা, নাটোর জেলার নাটোর ও বাগাতিপাড়া) সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত ভোট গ্রহণের দিন এবং তার আগে ও পরের দিনে কতিপয় যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপের জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে পত্র পাওয়া গেছে। উক্ত পত্রের আলোকে যানবাহন চলাচলে নিষেধাজ্ঞা আরোপ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রস্তুত করা হয়েছে যা এ অথরিটির ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ১। বিজ্ঞপ্তি ০১ (এক) ফর্দ।

জনাব শাহজাহান কবীর
সহকারী প্রোগ্রামার
বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।


(মোঃ হেমায়েত উদ্দিন)
উপপরিচালক (এনফোর্সমেন্ট)
ফোন:৫৫০৪০৭২১৪

স্মারক নং-৩৫.০৩.০০০০.০২.৫৮.০১১.২০-

তারিখঃ -০১-২০২২খ্রিঃ।

অনুলিপিঃ

১। জেলা প্রশাসক, নারায়নগঞ্জ, চট্টগ্রাম, নোয়াখালী, যশোর, নাটোর (সড়ক ও মহাসড়ক বিভাগের ০৪.০১.২০২২খ্রিঃ তারিখের ৩৫.০০.০০০০.০২০.০০৯.০২৭.২১-০৩ নং স্মারকের প্রদত্ত ক্ষমতা বলে নিষেধাজ্ঞা আরোপের অনুরোধসহ)।

২। সচিব এর একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। চেয়ারম্যান এর একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ হেমায়েত উদ্দিন)
উপপরিচালক (এনফোর্সমেন্ট)
ফোন:৫৫০৪০৭২১৪

ম্যান, বিআরটিএ' দ্বারা
নং ০০৬/০৪/০১/২০২২

অতি জরুরি

নির্বাচন অগ্রাধিকার

উপ-পরিচালক (প্রশাসন) / ইন্সপেক্টর / এনফোর্স / অপারেশন

প্রোগ্রাম সেফটি / প্রশিক্ষণ / সচিব / ম্যাজিস্ট্রেট / একান্ত সচিব

২০২২

স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা
www.rthd.gov.bd



নং ৩৫.০০.০০০০.০২০.০০৯.০২৭.২১-০৩

তারিখ: ০৪-০১-২০২২ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

১৬ জানুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিতব্য জাতীয় সংসদের ১৩৬ টাঙ্গাইল-৭ শূন্য আসনে নির্বাচন ও নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন এবং ০৫টি পৌরসভার (চট্টগ্রাম জেলার বাঁশখালী, নোয়াখালী জেলার নোয়াখালী, যশোর জেলার বিকরগাছা, নাটোর জেলার নাটোর ও বাগাতিপাড়া) সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী অনুষ্ঠিতব্য নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ১৫ জানুয়ারি ২০২২ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ১৬ জানুয়ারি ২০২২ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে:

(১) ট্রাক

(২) পিক আপ

০২। সে সাথে ১৪ জানুয়ারি ২০২২ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ১৭ জানুয়ারি ২০২২ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে।

০৩। এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনী এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে) নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারি, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।

০৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত যানবাহনসমূহ চলাচলের উপর বর্ণিত সময়সূচি অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক'কে এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হলো।

০৫। এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার জন্য এবং প্রয়োজনবোধে জনসাধারণের অবগতির জন্য ট্রাফিক সাইন প্রদর্শনের নিমিত্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৬। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং প্রয়োজনে স্থানীয় কর্তৃপক্ষ এ নিষেধাজ্ঞা সম্পর্কে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

| |
|--|
| ডায়েরী নং : ১৪ |
| তারিখ : ০৫/০১/২০২২ |
| উপ-পরিচালক (এনফোর্স / আরএস / ম্যাজিস্ট্রেট (১/২) / এডিএ। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

০৪/০১/২০২২

(মোঃ জসিম উদ্দিন)

সহকারী সচিব

ফোন: ৯৫৪৫৪৬৯

ইমেইল: sasbrtae@rthd.gov.bd